



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/৫২৮

তারিখ: ০২/০২/২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

নিজস্ব ব্যবস্থাপনায় ভর্তি পরীক্ষা নিবে কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ব্যবস্থাপনায় স্নাতক (সম্মান) প্রথম বর্ষ (২০২৪-২৫ শিক্ষাবর্ষ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী'র সভাপতিত্বে গত ৩০/০১/২০২৫ তারিখ বৃহস্পতিবার দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের সভা কক্ষে একাডেমিক কাউন্সিলের ৮৫তম (জরুরি) সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ব্যবস্থাপনায় ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা গ্রহণের এ সিদ্ধান্ত নেওয়া হয়। আগামী ১৯ এপ্রিল ২০২৫ তারিখ 'সি' ইউনিট সকাল ১০.০০ ঘটিকায় ও 'এ' ইউনিট বিকাল ৩.০০ ঘটিকায় এবং ২৫ এপ্রিল ২০২৫ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আজ ২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ থেকে ২২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত দিনরাত যে কোন সময় এমন কি বন্ধের দিনও শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি বিভিন্ন গণমাধ্যম ও কুবি ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়